গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং ৭জি-৮৩২(ক-৩)/২০০৫(অংশ-১)/ ৪৭৮/২ তারিখ: ৭/০১/২০২২ খ্রি.

বিষয় : আদালতের রায়ের প্রেক্ষিতে যোগদানের তারিখ হতে বকেয়া বেতন ভাতা প্রদান প্রসঙ্গে।

সূত্র : স্মারক নং ৩৭.০০.০০০০.০৯৪.৬১.০০১.২১.৯৪ তারিখ : ০১/১০/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্ণিত বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৪.৬১.০০১.২১.৯৪; তারিখ: ০৭/১০/২০২১ খ্রি. মোতাবেক 'আদালতের রায়ের প্রেক্ষিতে যোগদানের তারিখ হতে ০৯(নয়) জন তৃতীয় শিক্ষককে বকেয়া বেতন ভাতার সরকারি অংশ প্রদানের নির্দেশনায় বলা আছে, "মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) শিক্ষক-কর্মচারীগণের এমপিও প্রদান সংক্রান্ত গঠিত চূড়ান্ত কমিটির পরবর্তী সভায় উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।"উল্লিখিত বিষয়ে রহমত ইকবাল ডিগ্রি কলেজ, সিংড়া, নাটোর-এর জনাব মো: মোস্তাফিজুর রহমান, প্রভাষক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি কর্তৃক ০৯ (নয়) জন শিক্ষকের পক্ষে সরাসরি সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বরাবর আবেদন করেছেন। কিন্তু জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর ১৭.১ ধারায় বলা আছে "বেতন-ভাতাদির সরকারি অংশ প্রাপ্তির জন্য শিক্ষক-কর্মচারীকে প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে প্রয়োজনীয় কাগজপত্র ও তথ্যাদিসহ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নির্দেশিত প্রক্রিয়ায় আবেদন/অনলাইনে আবেদন করতে হবে।" অর্থাৎ মো: মোস্তাফিজুর রহমান, প্রভাষক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, রহমত ইকবাল ডিগ্রি কলেজ, সিংড়া, নাটোর যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন না করে অন্য ০৮ জনের পক্ষে সরাসরি শিক্ষা মন্ত্রণালয়ে আবেদন করেছেন। এমপিও কাযক্রমের ক্ষেত্রে ইহা একটি বিশৃংখলা। এক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ১১/৩-৭/২০১১/২৯৯; তারিখ- ৩০/০৬/২০১১ খ্রি. মোতাবেক পরিপত্রে বিষয় 'শিক্ষা মন্ত্রণালয়ে সরাসরি আবেদন করা'-এ বলা আছে "লক্ষ্য করা যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন অফিসসমূহের কোন কোন কর্মকর্তা/কর্মচারী, শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান বা বিভিন্ন পর্যায়ে কর্মরত শিক্ষক/শিক্ষিকাবৃন্দ, ম্যানেজিং কমিটি/ গভর্নিং বডির সভাপতি/ সদস্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন না করে শিক্ষা মন্ত্রণালয়ে সরাসরি আবেদন করে থাকেন। এরূপ সরাসরি আবেদন প্রচলিত বিধি বিধানের পরিপন্থি। এ জাতীয় আবেদন করার কারণে মন্ত্রণালয়ের দৈনন্দিন কাজ ব্যাহত হচ্ছে।

**শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন কোন কর্মকর্তা/কর্মচারী, শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান বা বিভিন্ন পর্যায়ে কর্মরত শিক্ষক/শিক্ষিকাবৃন্দ, ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সভাপতি/ সদস্যকে সরাসরি শিক্ষা মন্ত্রণালয়ে আবেদন করা হতে বিরত থাকার জন্য এতদ্বারা নির্দেশ প্রদান করা হলো"।**

সরকারি নির্দেশনা অমান্য করায় মো: মোস্তাফিজুর রহমান, প্রভাষক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, রহমত ইকবাল ডিগ্রি কলেজ, সিংড়া, নাটোর এর বিরুদ্ধে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর ১৮.১(খ) ধারা মোতাবেক কেন ব্যবস্থা গ্রহণ করা হবে না এ মর্মে তাঁর ব্যাখ্যা গ্রহণ এবং তার নিয়োগ সংক্রান্ত সকল কাগজপত্র ও তথ্য ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে মাউশি অধিদপ্তরে প্রেরণের জন্য অধ্যক্ষকে পত্র দেয়া এব উল্লিখিত বিষয়ে ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে মতামত প্রদানের জন্য গভর্নিং বডির সভাপতিকে পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এমতাবস্থায়, সিদ্ধান্ত মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

10.1.22
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক(কলেজ-৩)
ফোন নং ৯৫৫৬০৫৭

(১) সভাপতি, গভর্নিং বডি, রহমত উল্লাহ ডিগ্রি কলেজ, নাটোর;
(২) অধ্যক্ষ, রহমত উল্লাহ ডিগ্রি কলেজ, নাটোর;

সদয় অবগতি :

(১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
(২) সংরক্ষণ নথি।

(E-File)-.Delwar-F.c